Vol. 9 | No. 1 | 1965

Check for updates

সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

মধ্যভারতীয় আর্যভাষা সংকলন

Volume	9
Issue	1
Year	1965
ISSN	0558-1583
eISSN	3006-886X
Author(s)	রবীন্দ্র বিজয় বড়ুয়া
Published online	June 15, 1965
DOI	10.62328/sp.v9i1.8
Link to article	https://doi.org/10.62328/sp.v9i1.8
Pages	143-170
Publisher	University of Dhaka
Copyright	সাহিত্য পত্রিকা
Designed and Developed by	Zobayer Abdullah

Check for updates

মধ্যভারতীয় আর্যভাষা সংকলন

রবীন্দ্র বিজয় বড়ুয়া

॥ মখাদেব জাতক ॥

[পালি]

॥ ১ ॥

অতীতে বিদেহরট্‌ঠে মিথিলায়ং মখাদেবো নাম রাজা অহোসি ধম্মিকো ধম্মরাজা। সো চতুরাসীতিবস্‌সসহস্‌সানি কুমারকীলং তথা ওপরজ্জং তথা মহারজ্জং কত্বা দীঘং অদ্ধানং খেপেত্বা একদিবসং কপ্পকং আমন্তেসি : যদা মে সম্ম কপ্পক সিরস্মিং ফলিতানি পস্‌সেয্যাসি অথ মে আরোচেয়্যাসী'তি।

শব্দার্থ ও টীকা : **অতীতে**—অতীত কালে, কালে সপ্তমী। (অতি—√ই—to go+তে ; ই+ই=ঈ)। **বিদেহরট্‌ঠে**—বিদেহ রাষ্ট্রে। **অহোসি**—ছিল, (√হু—to be, বর্ত্তমানা 'হোতি') এখানে অজ্জতনী, প্রথম পুঃ একবচন। **মিথিলায়ং**—মিথিলাতে। সপ্তমী বিভক্তির একবচন। **সো**—সে, প্রথম পুরুষ একবচন। মাগধী 'শে' (সং—সঃ) **চতুরাসীতিবস্‌সসহস্‌সানি**—৮৪ হাজার বৎসর। **কুমারকীলং**—কুমারক্রীড়া। **ওপরজ্জং**—ঔপরাজ্য (crown prince)। **দীঘং অদ্ধানং খেপেত্বা**—দীর্ঘ দিন কাটাইয়া। **দীঘং অদ্ধানং**—দীর্ঘ দিন, কর্ম কারক, একবচন পুংলিঙ্গ। **কপ্পকং**—কপ্পককে, নাপিতকে, ২য়ার একবচন। **আমন্তেসি**—(আ+মন্ত্র to call, address, speak to, invite, consult,) আমন্ত্রণ করিলেন; অজ্জত্তনী, প্রথম পুরুষ, একবচন। **মে**—আমার। **কত্বা**—করিয়া—Present participle,

(√কর—to do)। **ফলিতানি**—পাকা চুল। **সিরস্মিং**—মস্তকে, ৭মী বিভক্তির একবচন। **পস্‌সেয়্যাসি**—দেখ (√পস্—to see, প্রথম পুরুষ এক বচনে 'পস্‌সতি'।) সপ্তমী, মধ্যম পুরুষ, একবচন। **আরোচেয্যাসি**—জানাইও। পঞ্চমী, মধ্যম পুরুষ, একবচন (আ+√রুচি, causative of √'ruc')।

বঙ্গানুবাদ ঃ

পুরাকালে বিদেহ রাজ্যে মিথিলাতে মখাদেব নামক একজন ধার্মিক রাজা ছিলেন। তিনি যথাধর্ম রাজ্য শাসন করিতেন। তিনি ৮৪০০০ বৎসর কুমার ক্রীড়া (আমোদ প্রমোদ), সেইরূপ ঔপরাজ্য ও রাজ প্রতিনিধিত্ব করতঃ দীর্ঘদিন কাটাইয়া একদিন নাপিতকে ডাকাইয়া বলিলেন, "হে সৌম্য ক্ষৌরকার, যখন আমার মস্তকে পলিত কেশ দর্শন কর তখনই আমাকে জানাইও।"

॥ ২ ॥

কপ্পকোপি দীঘং অদ্ধানং খেপেত্বা একদিবসং রঞ‍্ঞো অঞ‍্জন বন্নানং কেসানং অন্তরে একং এব ফলিতং দিস্বা "দেবো, একং তে ফলিতং দিস্‌সতী"তি আরোচেসি। "তেন হি মে সম্মতং ফলিতং উদ্ধরিত্বা পানিম্‌হি ঠপেহী"তি চ বুত্তো সুবন্ন সণ্ডাসেন উদ্ধরিত্বা রঞ্ঞো পানিম্‌হি পতিট্‌ঠাপেসি।

শব্দার্থ ও টীকা ঃ **রঞ‍্ঞো**—রাজার, ৬ষ্ঠীর একবচন। **অন্তরে**—ভিতরে **দিস্বা**—দেখিয়া (√দিস্—to see, present participle). **দিস্‌সতি**—is seen. **সম্ম**—বন্ধু, সৌম্য। **উদ্ধরিত্বা**—উঠাইয়া। **পানিম্‌হি**—হস্তে, ৭মীর একবচন। **ঠপেহি**—স্থাপন কর, ৫মীর একবচন। **সণ্ডাসেন**—সাঁড়াশিরদ্বারা 'pincers', ৩য়ার একবচন (সংণ্ডাশ) বাংলা 'সাংণ্ডাশী'। চলিত কথায় 'সন্না' এবং পূর্ববঙ্গে 'চিম্‌টা' বলে। **পতিট্‌ঠাপেসি**—প্রতিষ্ঠাপিত কর। ৫মীর একবচন। **অঞ্জন বন্নানং কেসানং অন্তরে**—কৃষ্ণবর্ণ কেশের অভ্যন্তরে।

বঙ্গানুবাদ ঃ

নাপিতও দীর্ঘদিন কাটাইয়া একদিন রাজার কৃষ্ণবর্ণ কেশসমূহের মধ্যে একটি পক্ক কেশ দেখিয়া রাজাকে জানাইল, "একটি পক্ক কেশ দেখা যাইতেছে"। "তবে হে সৌম্য, তাহা তুলিয়া আমার হস্তে স্থাপন কর।" ইহা বলাতে (নাপিত) সুবর্ণ সাঁড়াশীর দ্বারা (উহা) উঠাইয়া রাজার হস্তে স্থাপন করিল।

॥ ৩ ॥

তদা রঞ্‌ঞো চতুরাসীতিবস্‌সসহস্‌সানি আয়ুং অবসিট্‌ঠং হোতি। এবং সন্তে পি ফলিতং দিস্বা ব মচ্চুরাজানং আগন্ত্বা সমীপে ঠিতং বিয অত্তানং আদিত্তপন্নসালং পবিট্‌ঠং বিয চ মঞ্‌ঞমানো সংবেগং আবজ্জিত্বা "বালা মখাদেব, যাব ফলিতস্‌স' উপ্পাদা ব ইমে কিলেসে জহিতুং নাসকখী" তি চিন্তেসি। তস্‌স' এবং ফলিতপাতুভাবং আবজ্জন্তস্‌স আবজ্জন্তস্‌স অন্তোদাহো উপ্পজ্জি।

শব্দার্থ ও টীকা ঃ **অবসিট্‌ঠং**—অবশিষ্ট। **হোতি**—আছে। (√হু—to be), প্রথম পুরুষ, একবচন, বর্তমান কাল।

মচ্চুরাজানং—মৃত্যুরাজ, 'god of death'. (adj.) বৌদ্ধেরা মৃত্যুরাজকে 'যম' বা 'ধর্মরাজ'ও বলে। **আগন্ত্বা**—আসিয়া। Present participle. (√গম—to go, যাওয়া), বর্তমান কাল প্রথম পুরুষ, এক বচনের রূপ 'গচ্ছতি'। **সন্তে**—Locative absolute (সপ্তমীর একবচন, (√অস্—to be) প্রথম পুরুষ একবচন বর্তমান কালেররূপ—অত্থি। **আদিত্ত পন্নসালং**—(আদিত্যপর্ণশালং) প্রজ্জলিত পর্ণশালা। **পবিট্‌ঠং** – প্রবেশ করিয়া। (present participle of 'পবিসতি')। **মঞ্‌ঞমানো**—(মন্যমান) মনে করিয়া। **সংবেগ**—উত্তেজনা, ভয়, উদ্বিগ্নতা, উচ্ছ্বাস, (fear, agitation, anxiety, thrill or religious emotion caused by contemplation of the miseries of the world). পালি গ্রন্থানুসারে (বিসুদ্ধি মগ্‌গো, পৃঃ ১৩৫, মহাবংস, ১, ৪,; ২৩, ৬২) সংবেগের কারণ আট প্রকার

যথা :—জন্ম, জরা, রোগ, মৃত্যু, অপায় ভয়, এবং বর্তমান, অতীত ও ভবিষ্যৎ সংসারের ভয়। **আবজ্জিত্বা** — (gerund, আ+পদ) 'being struck with', প্রাপ্ত হইয়া, সংবেগ প্রাপ্ত হইয়া, জগতের দুঃখে উদ্বিগ্ন হইয়া। **যাব**— যাবৎ, যে পর্যন্ত। **উপ্পাদা**—উৎপন্ন। **কিলেসে** — ক্লেশ, দুঃখ সমূহে।

জহিতুং—ত্যাগ করিতে (Infinitive √হা—to give up)।

নাসক্খী — সক্ষম না হওয়া। **চিন্তেসি** — চিন্তা করিল। (বর্তমান, প্রথম পুঃ একবচন)। **পাতুভাবং** — প্রাদুর্ভাব।

আবজ্জন্তস্স — (৬ ষ্ঠীর একবচন, পুং, present participle, আ−√বৃধ causative) ভাবিতে ভাবিতে। **অন্তোদাহো** — অন্তর্দাহ। **উপ্পজ্জি** — উৎপন্ন হইল (উৎ+পজ্জতি)।

বঙ্গানুবাদ ঃ

সেই সময় রাজার আরও চুরাশী হাজার বৎসর আয়ু অবশিষ্ট ছিল। এইরূপ হওয়া সত্ত্বেও পক্ক কেশ দেখিয়া রাজার মনে হইল, মৃত্যুরাজ পার্শ্বে স্থিত, তিনি যেন স্বয়ং প্রজ্জ্বলিত পর্ণশালায় প্রবিষ্ট। এইরূপে উদ্বিগ্ন হইয়া "মূর্খ মখাদেব (শিশুকাল হইতে) পক্ক কেশ না হওয়া পর্যন্ত ক্লেশ মুক্ত হইতে পারিলে না" ইত্যাদি চিন্তা করিতে লাগিলেন। এইভাবে তাহার (নিজের) পক্ক কেশের কথা চিন্তা করিতে করিতে অন্তর্দাহ উৎপন্ন হইল।

॥ ৪ ॥

সরীরা সেদা মুচ্চিংসু। সাটকা পীলেত্বা অপনেতব্বাকারপ্পত্তা অহেসুং। সো "অজ্জ'এব ময়া নিক্খমিত্বা পব্বজিতুং বট্টতী''তি কপ্পকস্স সতসহস্সুট্ঠানং গামবরং দত্বা জেট্ঠপুত্তং পক্খোসাপেত্বা ; "তাত, মম সীসে ফলিতং পাতুভূতং, মহল্লকো'ম্হি জাতো। ভুত্তা খো পন মে মানুসকা কামা। ইদানি দিব্বকামে পরিয়েসিস্সামি। নেক্খম্মকালো ময়্হং। ত্বং ইমং রজ্জং পটিপজ্জ।

শব্দার্থ ও টীকা : **সেদা :** ঘর্ম, স্বেদ। **মুচ্চিংসু** — নির্গত হইল। প্রথম পুং অজ্জতনী, বহুবচন (√মুচ্—to release)। **সাটকা**— শাড়ী, কাপড়, 'Clothes'। **পীলেত্বা**— (সং পীড়য়িত্বা) — ভিজিয়া ক্লিন্ন হইয়া, 'being wrung'। **অপনেতব্ব-কারপ্পত্তা** — অপনয়ন করার যোগ্য। **অহেসুং** — হইয়াছিল। (√অস্—to be), অজ্জতনী, প্রথম পুরুষ, বহুবচন। **নিক্খমিত্বা** — বাহির হইয়া। (Present Participle.)। **পব্বজিতুং**—প্রব্রজ্যা গ্রহণ করিতে (Infinitive)। **বট্টতি**—উচিত, Proper। উট্ঠানং — আয়। **সতসহস্সুট্ঠানং** — শতসহস্র উৎপাদক, এক লক্ষ শুল্ক আদায় হয় এই রকম গ্রাম। **দত্বা** — দিয়া (√দা — to give)। 'Present Participle'. **পকোসাপেত্বা** — ডাকাইয়া (gerund), 'প্র-ক্রুস্ ..Causative 'have' had called'. **সীসে** — (সং শীর্ষে) মস্তকের উপর, 'on the head'. **মহল্লকো**— বৃদ্ধ (মহৎ+লোক)। **ভুত্বা** — having eatten (সং ভুক্ত √ভুজ-to eat) Past participle। **ভুত্বাপাতরাসং**—after having eatten breakfast. **জাতোম্হি**=ম্হি+জাতো (সং জাতো'স্মি) — আমি হইয়াছি, 'I have become', **মানুসকা কামা** — পার্থিব সুখ। **ইদানি** — এখন। **দিব্বকামে** — স্বর্গীয় সুখ, heavenly pleasure. **পরিয়েসিস্সামি**— অন্বেষণ করিব, 'I will seek'. উত্তমপুরুষ ভবিষ্যৎ, একবচন (পরি+√ইষ)। **নেকখম্মকালো**— নিষ্ক্রমণ কাল। প্রব্রজ্যার সময় (নিষ্ক্রমণকাল), retirement from life. **ত্বং** — তুমি। **পটিপজ্জ** — গ্রহণ কর, accept, obtain, পঞ্চমী, মধ্যম পুরুষ একবচন। **মম**—আমার (ষষ্টির একবচন)।

বঙ্গানুবাদ :

শরীর হইতে ঘর্ম বাহির হইল। শাড়ী ভিজিয়া অপনয়ন করিবার যোগ্য হইল। 'আজই গৃহত্যাগ করা উচিত' এই ভাবিয়া নাপিতকে শতসহস্র উৎপাদক (এক লক্ষ শুল্ক আদায়যোগ্য) শ্রেষ্ঠ গ্রাম প্রদান করিলেন। তৎপর জ্যেষ্ঠ পুত্রকে ডাকাইয়া বলিলেন, "তাতঃ, আমি বৃদ্ধ হইয়াছি, আমার শিরে পক্ক কেশ আবির্ভূত হইয়াছে, মানুষের কাম্য আমি ভোগ করিয়াছি, এখন স্বর্গীয় সুখ অন্বেষণ করিব, আমার নিষ্ক্রমণ করার সময়, তুমি এই রাজ্য গ্রহণ কর।"

॥ ৫ ॥

অহং পন পব্বজিত্বা মখাদেবম্বনউয়্যানে বসন্তো সমন ধম্মং করিস্সামী''তি আহ। তং এবং পব্বজিতুকামং অমচ্চা উপসংকমিত্বা, ''দেব কিং তুম্হাকং পব্বজ্জাকারণ''ন্তি পুচ্ছিংসু। রাজা ফলিতং হত্থেন গহেত্বা অমচ্চানং গাথং আহ ঃ

''উত্তমঙ্গরুহা ময়্হং ইমে জাতা বয়োহরা,
পাতুভূতা দেবদূতা, পব্বজ্জাসময়ো মমা'তি।

শব্দার্থ ও টীকা ঃ **পব্বজিত্বা**—প্রব্রজ্যা গ্রহণ করিয়া, (প+√ব্রজ- leaving the world) অসমাপিকা ক্রিয়া। **উয়্যানে**—উদ্যানে। **বসন্তো** — বাস করিতে করিতে (Nom. sing. m. pres. part. √বস্ — to stay)। **করিস্সামি**—করিব। (√কর — to do, perform). ভবিষ্যৎ, প্রথম পুঃ একবচন **আহ**—বলিল। (আহ্. to speak, perfect tense of √অহ) পব্বজিতুকামং প্রব্রজ্যা গ্রহণ করিতে ইচ্ছুক (কর্ম কারক, একবচন)। **পুচ্ছিংসু**—জিজ্ঞাসা করিল। প্রথম পুরুষ, বহুবচন, অজ্জতনী। (√পুচ্ছ-to ask)। **অমচ্চা**—অমাত্যেরা। **উপসংকমিত্বা**—উপস্থিত হইয়া। অসমাপিকা ক্রিয়া। (উপ+সং+ক্রম) to go up to, to aproach, come near)। **তুম্হাকং**—তোমাদের। **পব্বজ্জাকারণন্তি** (পব্বজ্জা+কারন+ইতি) —প্রব্রজ্যার কারণ। **গহেত্বা** — লইয়া। **উত্তমঙ্গ** — শ্রেষ্ঠ অংশ। **উত্তমঙ্গরুহা**—শ্রেষ্ঠ-অঙ্গে যাহা উঠে তাহা পক্ক (কর্তৃ কারক, বহুবচন, পুংলিঙ্গ) that grow on the best, i.e. the top-most limb i. e. hair on the head. মস্তকের কেশ। **ময়্হং**-আমার। **বয়োহরা** — বয়স হরণ কারী। **পাতুভূতা**—(প্র+দুর) প্রাদুর্ভূত, আবির্ভাব, **দেবদূতা** — (এখানে) মৃত্যু দূত, messenger of death- **পব্বজ্জাসময়ো**—time of renunciation. **মম** — আমার।

বঙ্গানুবাদ ঃ

''আমি প্রব্রজ্যা গ্রহণ করিয়া মখাদেব (নামক) আম্রবনে শ্রমণ ধর্ম পালন করিব'' বলিয়া কহিলেন। তাঁহাকে এইভাবে প্রব্রজ্যা গ্রহণ করিতে ইচ্ছুক

দেখিয়া অমাত্যেরা উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিল, "দেব, আপনার প্রব্রজ্যা গ্রহণ করার কারণ কি?" রাজা হস্ত দ্বারা কেশগুলি গ্রহণ করিয়া অমাত্যদিগকে গাথায় বলিলেন :

আমার শিরে বয়স হরণ-কারী পরিপক্ক কেশ জন্মিয়াছে। দেবদূতেরা আগত, (এখন) আমার প্রব্রজ্যার সময়।

॥ ৬ ॥

সো এবং বত্বা তং দিবসং এব রজ্জং পহায় ইসিপব্বজ্জং পব্বজ্জিত্বা তস্মিং এব মখাদেব অম্ববনে বিহরন্তো চতুরাসীতিবস্সসহস্সানি চত্তারো ব্রহ্মবিহারে ভাবেত্বা অপরিহীনজ্ঝানে ঠিতো কালং কত্বা ব্রহ্মলোকে নিব্বত্তিত্বা পুন ততো চুতো মিথিলায়ং য়েব নিমি নাম রাজা হুত্বা ওসক্কমানং অত্তনো বংসং ঘটেত্বা তত্থ এব অম্ববনে পব্বজিত্বা ব্রহ্মবিহারে ভাবেত্বা পুন ব্রহ্মলোকূপগো ব অহোসি।

শব্দার্থ ও টীকা : **বত্বা** — বলিয়া (বদ্ — to speak), অসমাপিকা ক্রিয়া। **পহায়** — ত্যাগ করিয়া (সং-প্রহায়) (প+√হা — ত্যাগ করা gerund of পজহতি।) **ইসিপব্বজ্জং** — ঋষি প্রব্রজ্যা। **পব্বজ্জিত্বা** — প্রব্রজ্যা গ্রহণ করিয়া। **তস্মিং**—সেই। **বিহরন্তো**—বিহার করিবার সময়ে, অবস্থান করিবার সময়ে। **চত্তারো ব্রহ্মবিহারে** — চারিপ্রকার ব্রহ্মবিহার, যথা :— মৈত্রী, করুণা, মুদিতা ও উপেক্ষা। **ভাবেত্বা** — ভাবিয়া অর্থাৎ মৈত্রী, করুণা, মুদিতা ও উপেক্ষা এই চারি প্রকার ভাবনায় রত থাকিয়া। **অপরিহীনজ্ঝানে** — অপরিহীন ধ্যানে অর্থাৎ ধ্যান ফল নষ্ট না করিয়া। **ঠিতো** — স্থিত। **ততো** — সেখান হইতে। পঞ্চমীর একবচন। **হুত্বা** — হইয়া। **কালংকত্বা** — কালপ্রাপ্ত হইয়া। **নিব্বত্তিত্বা** — (নিঃ+বৃত্) জন্মগ্রহণ করিয়া। gerund of 'নিব্বত্তি'। **চুতো (চ্যুতঃ)** — চ্যুত, পতিত হওয়া, fallen. **ওসক্কমানং** — (ওসক্কমানং) ক্ষীয়মান। 'অবশাখ' ক্রিয়ার নাম ধাতু। বর্তমান কালে প্রথম পুরুষ একবচনে 'ওসক্কতি' (ও+সক্কতি), মাগধী 'ওসকই' to draw back, move back etc. **ঘটেত্বা** — (ঘটয়িত্বা) বাড়াইয়া, শ্রীবৃদ্ধিসাধন করিয়া, বর্তমান-

কাল প্রথম পুরুষ একবচনে 'ঘটেতি' — to join, to unite, to connect. **ঘটেত্বা** — adding the connection (between one birth and another)। **তথ্' এব**—সেইরূপে। **পব্বজিত্বা** — প্রব্রজ্যা গ্রহণ করিয়া। ব্রহ্মলোকুপগো — ব্রহ্মলোকগামী অর্থাৎ ব্রহ্মলোকে জন্ম গ্রহণ করিল। **ভাবেত্বা** — ভাবনা করিয়া, চিন্তা করিয়া।

বঙ্গানুবাদঃ

তিনি এই বলিয়া সেই দিনই রাজত্ব ত্যাগ করিয়া ঋষি-প্রব্রজ্যা গ্রহণ করিলেন। সেই মখাদেব আম্রকাননে অবস্থান করতঃ চুরাশীহাজার বৎসর ব্রহ্মবিহার ভাবনা করিয়া ধ্যানঅপরিক্ষীণ (ধ্যান-ক্ষয় না করিয়া) অবস্থায় কাল প্রাপ্ত হইয়া ব্রহ্মলোকে উৎপন্ন হইলেন। পুনরায় সেখান হইতে চ্যুত হইয়া মিথিলায় নিমি নামক রাজা হইয়া ক্ষীয়মান নিজ বংশের শ্রীবৃদ্ধি সাধন করিয়া সেভাবে আম্রকাননে ব্রহ্মবিহার ভাবনা করিয়া পুনরায় ব্রহ্মলোকে উৎপন্ন হইলেন।

॥ বাবেরু-জাতক ॥

[পালি]

॥ ১ ॥

অতীতে বারাণসিয়ং ব্রহ্মদত্তে রজ্জং কারেন্তে বোধিসত্তো মোর-যোনিয়ং নিব্বত্তিত্বা বুদ্ধিং অন্বায় সোভগ্‌গপত্তো অরঞ্‌ঞে বিচরি। তদা একচ্চে বাণিজা দিসা-কাকং গহেত্বা নাবায় বাবেরু রট্‌ঠং অগমংসু। তস্মিং কির কালে বাবেরু-রট্‌ঠে সকুণা নাম নত্থি। আগতাগতা রট্‌ঠবাসিনো তং কুপগ্‌গে নিসিন্নং দিস্বা "পস্‌সথ' ইমস্‌স ছবিবণ্ণং গল-পরিয়োসানং মুখ তুণ্ডকং মণিগুলক সদিসানি অক্‌খিনী"তি কাকং এব পসংসিত্বা তে বাণিজকে আহংসু: "ইমং অয়্যো সকুণং অম্হাকং দেথ, অম্হাকং হি ইমিনা অত্থো, তুম্হে অত্তনো রট্‌ঠে অঞ্‌ঞং লভিস্‌সথা"তি।

শব্দার্থ ও টীকা :

অতীতে — পুরাকালে, দীর্ঘদিন আগে (অতি + √ই — যাওয়া to go + তে), সপ্তমীর একবচন। অতীতে কালে, long Past. **বারাণসিয়ং** — বারাণসীতে, সপ্তমীর একবচন, স্ত্রীলিঙ্গে। (Baranasi was a big city during the time of Buddha. This was so called as it was situated at the confluance of the two rivers viz, Vāraṇā and Asi.)।

ব্রহ্মদত্তে রজ্জং কারেন্তে — ব্রহ্মদত্তের রাজত্বকালে। (This is a good example of locative absolute followed by a participle)।

ব্রহ্মদত্তো—রাজা ব্রহ্মদত্ত। **রজ্জং**=(রাজ্য) রাজত্ব= √রজ+যং next. abs. suffix). **কারেত্তি**—করে > present participle 'কারেন্তো' < সপ্তমী বিভক্তিতে 'কারেন্তে'।

মোর-যোনিয়ং — ময়ূর যোনিতে, ময়ূর কুলে, ময়ূর হইয়া।

বোধিসত্তো — বুদ্ধের অপর নাম বোধিসত্ত্ব। বুদ্ধত্ব লাভের আগে পর্যন্ত বুদ্ধকে 'বোধিসত্ত্ব' বা 'বুদ্ধাঙ্কুর' বলা হইত। ইহার আক্ষরিক অর্থ 'বোধি' — অর্থাৎ 'জ্ঞান' এবং 'সত্তো' — প্রাণী। অতএব, বোধিসত্তো অর্থে যে প্রাণীর মধ্যে বুদ্ধত্ব রূপ জ্ঞান নিহিত রহিয়াছে অথবা যে প্রাণী বুদ্ধত্ব লাভের জন্য দীর্ঘ দিন ধরিয়া সাধনা করিয়া আসিতেছে।*

নিব্বত্তিত্বা — জন্মগ্রহণ করিয়া [নি+ √বত+য+তি], Gerund. **বুদ্ধিং**— বৃদ্ধি। **অন্বায়** — following upon, 'owing to,' কারণ বশতঃ (Gerund)। **সোভগ্‌গপত্তো** = সোভগ্‌গ+পত্তো — (সন্ধির ফলে 'প' দ্বিত্ব হইয়াছে) — সৌভাগ্য-প্রাপ্ত অথবা সোভাগ্যশালী হইয়া। [সু+ভাগ+পত্তো <পাপ (=প+ √অ) — attained favourable condition. Past participle.

অরঞ্ঞে — অরণ্যে। Mutual assimilation.

বিচরি — বাস করিতেন বা বিচরণ করিতেন। প্রথম পুরুষ একবচন, অতীত কাল। বর্তমান কালে 'বিচরতি'। **তদা** — সেই সময়। **গহেত্বা** — লইয়া, অসমাপিকা ক্রিয়া। <(গ্রহ—গ্রহণ করা, to take)। **অগমংসু** — আসিয়াছিল। অতীত কাল, বহুবচন। (অ+ √গম—to go)। **তস্মিং** — সেই। **বাবেরুরট্‌ঠে** — বাবেরুরাজ্যে। **একচ্চে** — জনৈক। **দিস্বা** —দেখিয়া (√দিস্‌+ত্বা)। **ইমস্স**— ইহার। ষষ্ঠীর এক বচন। **গল পরিয়োসনং**— গলার অবশেষ। **আগতা-গতা** — passersby, যাতায়াতকারী দর্শক। **নিসিন্নং** — উপবিষ্ট, জৈন মহারাষ্ট্রী নিসিন্ন। **মণি-গুলক সদিসানিঅক্‌খিনী**—মণি গুলক সদৃশ চক্ষু দুইটি। **পসংসিত্বা**—প্রশংসা করিয়া। **আহংসু** — বলিয়াছিল। অতীত কাল বহুবচন ; (√অহ — to say), প্রথম পুরুষ এক বচনে 'আহ' হয়। **ইমং**— এই। **অম্হাকং** — আমাদিগকে। **দেথ** — দাও, পঞ্চমী, মধ্যম পুরুষ বহুবচন। **লভিস্‌সথ** — লাভ করিবে। **ইমিনা** — ইহার দ্বারা, তৃতীয়ার এক বচন।

[*A being or creature who is destined to become a Buddha. See for further detail Pali Jatakattha Nidanakatha ; Haradayl : Boddhisathva Doctrine]

বঙ্গানুবাদ ঃ

অতীতে বারাণসীরাজ ব্রহ্মদত্তের রাজত্বকালে বোধিসত্ত্ব ময়ূর কুলে জন্ম গ্রহণ করতঃ সৌভাগ্যশালী হইয়া অরণ্যে বাস করিতেন। সেই সময় এক বণিক একটি দিশাকাক[1] লইয়া বাবেরু রাজ্যে আসিয়াছিলেন। তখন বাবেরু-রাজ্যে কোন পক্ষীর অস্তিত্ব ছিল না। রাষ্ট্রবাসী দর্শকেরা পক্ষীটিকে নৌকার অগ্রভাগে উপবিষ্ট দেখিয়া কাকের প্রশংসা করতঃ বণিকদিগকে বলিল, "দেখ, ইহার কি সুন্দর বিচিত্র বর্ণ, গলার অন্ত্যদেশ অবধি মুখতুণ্ডক ও মণিগোলক সদৃশ আঁখি দুইটি।" "এই পক্ষীটি আমাদিগকে দিন। ইহার দ্বারা আমাদের কাজ হইবে, আপনারা নিজের দেশে আর একটি পাইবেন।"

॥ ২ ॥

"তেনহি মূলেন গন্থথা"তি।
"কহাপণেন নো দেথা" তি।

"ন দেথা' তি অনুপুব্বেন বড্‌ঢেত্বা "সতেন দেথা" তি বুত্তে "অম্হাকং এস বহুপকারো, তুম্হেহি পন সদ্ধিং মেত্তী হোতূ" তি কহাপণসতং গহেত্বা অদংসু। তে তং গহেত্বা সুবন্নপঞ্জরে পক্‌খিপিত্বা নানাপ্পকারেন মচ্ছমংসেন চে'ব ফলাফলেন চ পটিজগ্‌গিংসু।

শব্দার্থ ও টীকা ঃ **তেনহি**—তবে। **মূলেন**—মূল্যদ্বারা। তৃতীয়ার একবচন, বহুবচনে 'মূলেহি' হয়। **কহাপণেন** — কাহাপন শব্দের অর্থ মুদ্রা, এখানে সম্ভবত: রৌপ্য মুদ্রাই বুঝাইবে। তৃতীয়ার একবচনে। **অনুপুব্বেন**—কালক্রমে। **বড্‌ঢেত্বা**—বাড়াইয়া, present participle. **সদ্ধিং** — সহিত। **মেত্তী** — বন্ধুত্ব, মৈত্রী > মেত্তি > মেত্তী (Regressive Assimilation, ঐ স্থানে 'এ')। **অদংসু**—দিয়াছিল, অতীতকাল, বহুবচন। ($\sqrt{}$দা — to give)। **পক্‌খিপিত্বা**— স্থাপন করিয়া, রাখিয়া, Present participle. **পটিজগ্‌গিংসু** — (প্রতি+জাগৃ) — যত্ন লইয়াছিল, পরিচর্যা

১। দিক নির্ণয়কারী কাক।

করিয়াছিল ; অতীতকালের ক্রিয়া বহুবচন। **সতেন** — শত মুদ্রা দিয়া। তৃতীয়ার একবচন। **বুত্তে** — বলাতে। আধুনিক বাংলা 'উক্তে'। **নানাপ্পকারেন মচ্ছ মাংসেন ফলাফলেন চ** — নানা প্রকার মৎস্য, মাংস, ফলমূলের দ্বারা।

বঙ্গানুবাদ ঃ

"তাহা হইলে মূল্য দিয়া গ্রহণ কর।"
"একটি মুদ্রা দিয়া দিবেন না ?"

"না।" এইরূপে মূল্য বাড়াইয়া "একশত মুদ্রা" দিয়া ক্রয় করিতে বলিল। তখন (বণিকেরা) শতমুদ্রা গ্রহণ করিয়া তাহাদিগকে একটি অর্পণ করিল। "ইহা আমাদের বহু উপকারী, তোমাদের সঙ্গে মৈত্রী হউক।" তাহারা ইহাকে লইয়া সুবর্ণ পিঞ্জরে স্থাপন করিয়া নানাপ্রকার ফলমুল ও মৎস্য মাংস দ্বারা ইহার পরিচর্যা করিয়াছিল।

॥ ৩ ॥

অঞ্ঞেসং সকুণানং অবিজ্জমানট্‌ঠানে দসহি অসদ্ধম্মেহি সমন্নাগত কাকো লাভগ্গযসগ্গপত্তো অহোসি। পুনবারে তে বাণিজা একং ময়ূর-রাজানং গহেত্বা যথা অচ্চরাসদ্দেন বস্‌সতি পাণিপ্পহার সদ্দেন নচ্চতি এবং সিক্‌খাপেত্বা বাবেরু রট্‌ঠং অগমংসু। সো মহাজনে সন্নিপতিতে নাবায় ধুরে ঠত্বা পক্‌খে বিধুনিত্বা মধুরসস্‌রং নিচ্ছারেত্বা নচ্চি।

শব্দার্থ ও টীকা ঃ অঞ্ঞেঞ্ঞসং < **অন্যেসং** — অন্যকোন পাখীর। **অবিজ্জমানট্‌ঠানে** — অবিদ্যমানে, অবর্তমানে। **দসহিঅসদ্ধম্মেহি** — দশটি অসদ্ধর্মযুক্ত কাক। **অসধম্মো** — evil state. **সমন্নাগত** (সম্‌+অনু+আ+গম্‌) — সমন্বিত, endowed. **লাভগ্‌গ যসগ্‌গ পত্তো** — (লাভ+অগ্‌গ+যস+অগ্‌গ+পত্তো) লাভ-যশঃ প্রাপ্ত, height of gain and glory. **অহোসি** — হইয়াছিল। অজ্জতনী, প্রথমপুরুষ একবচন। বিকল্পে অজ্জতনীতে প্রথমপুরুষ একবচনে কখন কখন 'অহুবা' হয়। বর্তমান কালে একবচনে 'হোতি' (√হূ — to be, হওয়া)।

তে বাণিজা — সেই বণিকেরা। **গহেত্বা** — লইয়া। **অচ্চরা** — snapping of the finger, তুড়ি দেওয়া। বস্সতি (√বস্) রব করে। **সিক্খাপেত্বা** — শিক্ষা করাইয়া। নিজন্ত ধাতু। **ধুরে** — On the prow, head. **ঠত্বা** — দাঁড়াইয়া (√ঠা+ত্বা)। **নিচ্ছরেত্বা** — বাহির করিয়া। **নচ্চি** — নাচিয়াছিল। **পক্খে বিধুনিত্বা** — পাখা বিস্তার করিয়া, পাখা মেলিয়া।

বঙ্গানুবাদ ঃ

অন্য পক্ষীদের অবর্তমানে দশ প্রকার অধর্মযুক্ত কাক লাভ ও যশ প্রাপ্ত হইয়াছিল। দ্বিতীয় বারে সেই বণিকেরা একটি শিক্ষিত ময়ূররাজা লইয়া আসিয়াছিল। ময়ূরটি আঙ্গুলের তুড়ি দিলে রব করিত এবং হাত তালি দিলে নৃত্য করিত। সে (ময়ূরটি) মহাজনসমাগমের সম্মুখে নৌকার অগ্রভাগে দাঁড়াইয়া পক্ষ বিস্তার করিয়া কেকাধ্বনি করিত।

॥ ৪ ॥

মনুস্সতং দিস্বা সোমনস্সজাতা "এতং অয্যো সোভগ্‌গপত্তং সুসিক্খিত-সকুণরাজানং অম্হাকং দেথা"তি আহংসু। "অম্হেহি পঠমং কাকো আনীতো ; তং গণ্হিত্থ, ইদানি এতং মোর-রাজানং আনয়িম্হ, এতং পি যাচথ, তুম্হাকং রট্ঠে সকুণং নাম গহেত্বা আগন্তুং ন সক্খা"তি।

শব্দার্থ ও টীকা ঃ **দিস্বা** — দেখিয়া, (present participle √দিস্=√পস্ — to see)। **সোমনসস্‌জাতা**—আনন্দিত। **অম্হাকং** — আমাদিগকে। **আহংসু** বলিয়াছিল। অজ্জতনী, প্রথমপুরুষ, বহুবচন। √অহ — 'to say' lit. 'to breath', প্রথমপুরুষ একবচনে 'আহ' হয়। **ইদানি** — এখন। **আনয়িম্হ** — আনিয়াছিলাম। উত্তমপুরুষ বহুবচন। **যাচথ** — যাচ্ঞা কর। **আগন্তুং** — আসিতে, (Infinitive √**গম্**—to go)। **গণ্হিত্থ**—গ্রহণ করিয়াছিলে। মধ্যমপুরুষ বহুবচন। **সোভগ্‌গপত্তং** — সোভাগ্যপ্রাপ্ত। **সুসিক্খিত ময়ূর রাজানং** — উত্তমরূপে শিক্ষিত ময়ূর রাজাকে। দ্বিতীয়া বিভক্তির একবচন। এখানে সম্ভ্রমার্থে বহুবচন হইয়াছে।

বঙ্গানুবাদ ঃ

মানুষেরা তাহা দেখিয়া আনন্দিত হইয়া বলিল, "মহাশয়, এই সৌভাগ্যশালী সুশিক্ষিত ময়ূররাজটি আমাদিগকে দিন।"

"আমরা প্রথমে কাক লইয়া আসিয়াছিলাম, তাহা লইয়াছিলে; এখন ময়ূররাজ আনিয়াছি, ইহাও যাচ্ঞা করিতেছ; তোমাদের দেশে পক্ষী লইয়া আসা সম্ভব হইবে না।"

॥ ৫ ॥

"হোতু অয্যো অত্তনো রট্ঠে অঞ্ঞং লভিস্সথ, ইমং নো দেথা"তি মূলং বড্ঢেত্বা সহস্সেন গণ্হিংসু। অথ নং সত্তরতন-বিচিত্তে পঞ্জরে ঠপেত্বা মচ্ছ-মংস-ফলাফলেহি চেব মধু-লাজ-সক্খরা-পানকাদীহি পটিজগ্গিংসু। ময়ূর রাজা লাভগ্গযসগ্গ-প্পত্তো জাতো। তস্সাগতকালতো পট্ঠায় কাকস্স লাভ সক্খারো পরিহায়ি, কোচি নং ওলোকেতুং পি ন ইচ্ছতি। কাকো খাদনিয়-ভোজনিয়ং অলভমানো 'কাকা'তি বস্সন্তো গন্ত্বা উক্কার ভূমিয়ং ওতরি।

শব্দার্থ ও টীকা ঃ **হোতু** — হউক। পঞ্চমী প্রথম পুরুষ একবচন। (√হূ - to be)। **অত্তনো** — নিজের। **ইমং** — ইহাকে। **নো** — আমাদিগকে। **দেথ** — দাও। **অঞ্ঞং** — অন্য একটি। **লভিস্সথ** — পাইবে। মধ্যম পুরুষ বহুবচন। (√লভ্ — to obtain)। **বড্ঢেত্বা** — বাড়াইয়া। **গণ্হিংসু** — লইয়াছিল। অজ্জতনী, প্রথম পুরুষ বহুবচন। (√গহ্ — 'to take')। **ঠপেত্বা** — স্থাপন করিয়া। **মূল্যং** — মূল্য। **পট্ঠায়** — (প্র + √স্থা — 'from', 'setting out from.)' **তস্সাগতকালতো পট্ঠায়** — তাহার আগমন অবধি। **পরিহায়তি** — কমিয়া যায়, diminishes. (পরি + হা) Causative পরিহাপেতি। **ওলোকেতুং** — দর্শন করিতে, অবলোকন করিতে। Infinitive. **ন ইচ্ছতি** — ইচ্ছা করিল না। **খাদনিয়ং** — খাদ্য (what can be chewed)। **ভোজনিয়ং** — ভোজ্য, (soft food)। **অলভমানো** — না পাইয়া। Present participle. **বস্সন্তো** — রব করিতে, করিতে, কা কা করিতে করিতে। **গন্ত্বা** — যাইয়া, Present participle (√গম—

to go)] উক্কার ভূমিয়ং — 'dungill.' অর্ধমাগধীতে 'উচ্চারভূমিয়ং'। উচ্ছিষ্ট ভূমিতে। ওতরি √অবতরি—অবতরণ করিল। অজ্জতনী, প্রথম পুরুষ, একবচন।

বঙ্গানুবাদ ঃ

"(তা) হউক আর্য, আপনাদের দেশে অন্য একটি পাইবেন। এইটি আমাদিগকে দিন" এইরূপে মূল্য বাড়াইয়া সহস্র টাকায় ক্রয় করিল। অতঃপর উহাকে সপ্তরত্ন খচিত, বিচিত্র পিঞ্জরে স্থাপন করিয়া মৎস্য, মাংস, ফলমূল এবং মধু, খই, গুড় ও পানীয় দ্বারা তাহার পরিচর্যা করিয়াছিল। ময়ূররাজ লাভ ও যশ প্রাপ্ত হইল। তাহার আগমন অবধি কাকের লাভ ও সৎকার কমিয়া গেল। কেহ তাহাকে অবলোকন করিতেও ইচ্ছা করিল না। কাক খাদ্য ও ভোজ্য না পাইয়া 'কা কা' রব করিতে করিতে উচ্ছিষ্ট ভূমিতে অবতরণ করিল।

॥ জবসকুণ-জাতক ॥

[পালি]

॥ ১ ॥

অতীতে বারাণসিয়ং ব্রহ্মদত্তে রজ্জং কারেন্তে বোধিসত্তো হিমবন্ত-পদেসে রুক্‌খ কোট্‌ঠক সকুণো হুত্বা নিব্বত্তি। অথ একস্‌স সীহস্‌স মংসং খাদন্তস্‌স অট্‌ঠি গলে লগ্‌গি, গলো উদ্ধুমায়ি, গোচরং গণ্‌হিতুং ন সক্কোতি, খরা বেদনা বত্তন্তি।

শব্দার্থ ও টীকাঃ **বারাণসিয়ং** — < বারানস্যাম, অর্ধমাগধী 'বারাণসীতে। সপ্তমীর একবচন। **ব্রহ্মদত্তে রজ্জং কারেন্তে**—রাজা ব্রহ্মদত্তের রাজত্ব কালে। Nominative absolute. **বোধিসত্তো** — বুদ্ধাঙ্কুর, কুমার শাক্য-সিংহের বুদ্ধত্বলাভ করার পূর্ব পর্যন্ত তাহাকে বোধিসত্ব নামে অভিহিত করা হইত। **হুত্বা**—হইয়া। অর্ধমাগধী 'হোঁত্তা'। **নিব্বত্তি**—জন্মগ্রহণ করিয়াছিল। প্রথম পুরুষ, অজ্জতনী একবচন। (নিঃ+বৃৎ)। সৌরসেনী 'নিবট্টদি'। **সিহস্‌স**—সিংহের। ষষ্ঠী বিভক্তির একবচন। মহারাষ্ট্রীতে 'সীহ' হয়। **একসস্ সীহস্‌স মংসং খাদন্তস্‌স** —সিংহ যখন মাংস খাইতেছিল, (dative of absolute construction)। **অট্‌ঠি** < অস্থি > হাড্ডি। **গলে** <গলায়। **লগ্‌গি** — লাগিয়াছিল। অজ্জতনী প্রথম পুরুষ একবচন। **উদ্ধুমায়ি**—ফুলিয়া গিয়াছিল, অজ্জতনী প্রথম পুরুষ একবচন, বর্তমানে উদ্ধুমায়তি=উদ্ধুমায়তে। **গোচরং**—শিকার খাদ্য। **গণ্‌হিতুং**—গ্রহণ করিতে। Infinitive শৌরসেনী 'গেণ্‌হিদুং' (—গহ—to take, অন্বেষণ করা)। **সক্কোতি**— সক্ষম হওয়া, সৌরসেনী 'সক্কুণোদি,' জৈন মহারাষ্ট্রী 'সক্কৈ,' 'সক্কেই'। **বত্তন্তি**— বর্তমান থাকে, হয়। সৌরসেনী 'বট্টন্তি'। **খরা**—প্রখর, severe।

বঙ্গানুবাদঃ

অতীতে বারাণসীতে রাজা ব্রহ্মদত্তের রাজত্বকালে বোধিসত্ব হিমাচল প্রদেশে কাঠ-ঠোকরা পাখী হইয়া জন্ম গ্রহণ করিয়াছিলেন। অতঃপর একদিন একটি

সিংহ মাংস ভক্ষণ করিবার সময় অস্থি গলায় লাগিয়াছিল। গলা ফুলিয়া গিয়াছিল। শিকার গ্রহণ করিতে পারিতেছিল না। তীক্ষ্ম বেদনা অনুভূত হইল।

॥ ২ ॥

অথ নং সো সকুণো গোচর পসুতো দিস্বা সাখায় নিলীনো "কিন্তে সম্ম দুকখ তী''তি পুচ্ছি। সো তং অখং আচিক্খি "অহং তে সম্ম এতং অট্ঠিং অপনেয্যং, ভয়েন তে মুখং পবিসিতুং ন বিসহামি, খাদেয়্যাসি পি মন''তি। "মা ভায়ি সম্ম, নাহং তং খাদামি, জীবিতং মে দেহী''তি।

শব্দার্থ ও টীকা: **অথ**—শৌরসেনী 'অধ'। **নং**—তাহাকে। **গোচর**। **পসুতো**—in search of food. শিকার অন্বেষণে। **দিস্বা**—দেখিয়া অর্ধমাগধী 'দিস্সা,' 'দিস্স,' 'দিসসং'। **নিলীনো**—'Perched,' past participle from 'নিলীয়তি' c.w. শৌরসেনী 'নিলীয়মাণ। **সম্ম**—বন্ধু, বয়স্য। **পুচ্ছি**—জিজ্ঞাসা করিল। **আচিক্খি**— (আ+খ্যা — reduplicated) বলিল। অদ্যতনী প্রথম পুরুষ একবচন। বর্তমানে 'অচিক্খতি'। tells, informs. অর্ধমাগধী 'আইক্খই'। **অপনেয্যং** — অপনয়ন যোগ্য। শৌরসেনী 'অবণেঅং', অর্ধমাগধী 'অবণেজ্জা'। **বিসহামি** (বি+সহ) — সাহস করি। বর্তমান, উত্তমপুরুষ একবচন। প্রথম পুরুষ একবচনে 'বিসহতি'— 'dares', 'is able'. **খাদেয্যাসি** — খাইবে। সপ্তমী, মধ্যম পুরুষ একবচন। **ভায়ি** — ভয় করিও না। **খাদামি** — খাইব। **দেহি** — দাও। **জীবিতং** — জীবন।

বঙ্গানুবাদ:

সেই পাখী শিকার অন্বেষণে বাহির হইয়া বৃক্ষ শাখায় ঝুলায়মান অবস্থায় তাহাকে দেখিয়া বলিল, "সৌম্য, কি তোমার দুঃখ?" সে তাহার কারণ জানাইল। পক্ষীটি আবার বলিল, "এই অস্থিটি অপনয়ন যোগ্য, ভয়ে তোমার মুখে প্রবেশ করিতে সাহস করিতেছি না। পাছে তুমি আমাকে খাইয়া ফেল।" "বন্ধু, ভয় করিও না। আমি তোমাকে খাইব না। আমার জীবন দান কর।"

॥ ৩ ॥

সো "সাধু" তি তং পস্‌সেন নিপজ্জাপেত্বা "কো জানাতি কিং পে'স করিস্‌সতী"তি চিন্তেত্বা যথা মুখং পিদহিতুং ন সক্‌খোতি তথা তস্‌স অধরোট্‌ঠে চ উত্তরোট্‌ঠে চ দণ্ডকং ঠপেত্বা মুখং পবিসিত্বা অট্‌ঠিকোটিং তুণ্ডেন পহরি। অট্‌ঠি পতিত্বা গতং। সো অট্‌ঠিং পাতেত্বা সীহস্‌স মুখতো নিক্‌খমন্তো দণ্ডকং তুণ্ডেন পহরিত্বা পাতেন্তো নিক্‌খমিত্বা সাখগ্গে নিলীয়ি।

শব্দার্থ ও টিকা ঃ নিপজ্জাপেত্বা—শোয়াইয়া, Causative (নি+পদ) Present tense 3rd person sing, number "নিপজ্জতি"। **করিস্‌সতি**—করিবে। (√কর —to do)॥ **পিদহিতুং** — বন্ধ করিতে। Infinitive from পিদহতি (পি+ধা)॥ **সক্‌খোতি**—সক্ষম হয়। **ঠপেত্বা**—স্থাপন করিয়া। **পবিসিত্বা**—প্রবেশ করিয়া। **পতিত্বা**—পড়িয়া, Present Participle. **পাতেত্বা**—ফেলাইয়া, অপসারণ করাইয়া Causative verb। **মুখতো**—মুখ হইতে। **নিকখমন্তো** — বাহির করিবার জন্য।

বঙ্গানুবাদ ঃ

সে সাধুবাদের সহিত সম্মত হইয়া তাহাকে এক পার্শ্বে শোওয়াইয়া "কে জানে কি করে" এই মনে করিয়া (সিংহ) যাহাতে মুখ বন্ধ করিতে না পারে তজ্জন্য ওষ্ঠ ও নীচের অধরের মধ্যে দণ্ড স্থাপন করিল। (তৎপর) মুখে প্রবেশ করিয়া অস্থি খণ্ডটি চঞ্চুর দ্বারা আঘাত করিল। অস্থিখানি পড়িয়া গেল। সে অস্থি ফেলাইয়া সিংহের মুখ হইতে দণ্ডটি অপসারণ করিয়া বাহির হইয়া শাখায় আশ্রয় গ্রহণ করিল।

॥ ৪ ॥

সীহো নীরোগো হুত্বা এক দিবসং বনমহিসং বধিত্বা খাদতি। সকুণো "বিমংসিস্‌সামি নন" তি তস্‌স উপরিভাগে সাখায় নিলীয়িত্বা তেন সদ্ধিং সল্লপন্তো পঠমং গাথং আহ ঃ

"অকরমসে তে কিচ্চং যং বলং অহুবমসে,
মিগরাজ নমো ত্য-অত্থু, অপি কিঞ্চি লভামসে।"

তং সুত্বা সীহো দুতিয়ং গাথং আহ ঃ

> "মম লোহিত-ভক্খস্স নিচ্চং লুদ্ধানি কুব্বতো,
> দন্ত'ন্তরগতো সন্তো তং বহুং যং হি জীবসী"তি।

তং সুত্বা সকুণো ইতরা দ্বে গাথা অভাসি ঃ

> "অকতঞ্ঞুং অকত্তারং কতস্স অপ্পটিকারকং,
> যস্মিং কতঞ্ঞুতা নত্থি নিরত্থা তস্স সেবনা।
> যস্স সম্মুখ-চিণ্ণেন মিত্তধম্মো ন লব্ভতি
> অনুসূয্যং অনক্কোসং সনিকং তম্হা অপক্কমে।"

এবং বত্বা সো সকুণো পক্কামি।

শব্দার্থ ও টীকা ঃ **হুত্বা** — হইয়া। **বধিত্বা** — বধ করিয়া। **খাদতি** — খাইতেছে। **বিমংসিস্সামি** — পরীক্ষা করিব। ভবিস্সন্তী, উত্তম পুরুষ একবচন; বর্তমান কালে প্রথম পুরুষ একবচনে 'বিমংসতি' 'বিসংসতে'। **সল্লপন্তো** — আলাপ করিবার জন্য। **অকরমসে** — অজ্জতনী, আত্মনেপদী ক্রিয়া। বর্তমান কালে প্রথম পুরুষ একবচনে 'করোতি' (√কর — to do)। **অহুবম্হসে** —(√হ — to be) Past Imperfect tense, First person singular. ত্যত্থু (তে+অত্থু) **লভামসে** — লাভ করি। পঞ্চমী, উত্তম পুরুষ একবচন। আত্মনেপদী ক্রিয়া। **লোহিত-ভক্খস্স** — রক্তপিপাসুর। **কুব্বন্তো** — Present participle of 'করোতি' (√কর — to do, করা)। **নিচ্চং** √**নিত্য** — সব সময়। **দন্ত'ন্তরো** — মুখের ভিতরে। **লুদ্ধানি** — নিষ্ঠুরতা, হিংস্র কার্য, (লুব্ধানি)। **গতো** — যাইয়া। **সন্তো** — 'Present participle of 'অত্থি', পুংলিঙ্গ। **জীবসি** — জীবিত আছ মধ্যমপুরুষ একবচন, বর্তমানকাল। **তং বহুং যং হি জীবসি**— It is much for you that thou livest. **ইতরা** — other. **অভাসি** — বলিল। অজ্জতনী বর্তমান কালে প্রথমপুরুষ 'ভাসতি'—Speaks. **অকতঞ্ঞু**—অকৃতজ্ঞ। **কতঞ্ঞু** < **কৃতজ্ঞ** grateful. **চিণ্ণ** < **চীর্ণ**, present perfect participle of √চর—চরতি। Here it means 'a deed done in a person's presence, so, a personal kindness.' **কতঞ্ঞুতা** — কৃতজ্ঞতা। **সনিকং** — আস্তে আস্তে (শনৈঃ)

it may mean 'slowly', 'gentley', softly' etc. ক্রিয়াবিশেষণ। **তস্মা** < তস্মাৎ। **নিরত্থ** — অর্থহীন। **তস্স সেবনা** — তাহার পরিচর্যা। **মিত্তধম্ম** — মিত্রধর্ম। **অনুসুয্যং** — (ন+উস্যুয্যং) not envious, অশূয়া শূন্য চিত্তে।

বঙ্গানুবাদ ঃ

সিংহ নীরোগ হইয়া একদিন বন মহিষ বধ করিয়া খাইতেছিল। পক্ষীটি উহার উপরিভাগে বৃক্ষে অবস্থান করিবার সময় (সিংহকে) 'পরীক্ষা করিব' এই মনে করিয়া তাহার সহিত আলাপ করিবার ছলে প্রথম গাথা বলিল; "আমার সাধ্যানুসারে তোমার উপকার (কর্তব্য) করিয়াছি। হে মৃগরাজ, তোমাকে নমস্কার, আমি কিঞ্চিৎ পাব কি ?"

তাহা শুনিয়া সিংহ দ্বিতীয় গাথা বলিল ঃ

"আমার রক্ত পিপাসু জিহ্বা হিংস্র কার্য করিবার জন্য সর্বদা উন্মুখ। (এমতাবস্থায়) মুখের ভিতরে যাইয়া এখনও জীবিত আছ ইহাই যথেষ্ট।"

ইহা শুনিয়া পাখীটি দুইটি গাথা বলিল ঃ

"অকৃতজ্ঞ কৃতঘ্ন, যে উপকারীর উপকার স্বীকার করে না, যার কৃতজ্ঞতা নাই তার সেবা করা বৃথা।

যাহার সম্মুখে মিত্র ব্যবহার আশা করা যায় না তাহার উপর কোনরূপ অসূয়া বা আক্রোশ না করিয়া ধীরে চলিয়া যাওয়াই উত্তম।"

॥ নাগসেন ও মিলিন্দ ॥

(মিলিন্দ পঞ্‌হো)[১]

[পালি]

॥ ১ ॥

রাজা আহ : "ভন্তে নাগসেন, কেন কারণেন মনুস্‌সা ন সব্বে সমকা ; অঞ্‌ঞে অপ্পায়ুকা অঞ্‌ঞে দীঘায়ুকা, অঞ্‌ঞে বব্‌হাবাধা অঞ্‌ঞে অপ্পবাধা অঞ্‌ঞে দুব্বণ্ণা অঞ্‌ঞে বণ্ণবন্তো অঞ্‌ঞে অপ্পেসক্‌খা অঞ্‌ঞে মহেসক্‌খা অঞ্‌ঞে অপ্পভোগা অঞ্‌ঞে মহাভোগা, অঞ্‌ঞে নীচকুলীনা অঞ্‌ঞে মহাকুলীনা, অঞ্‌ঞে দুপ্পঞ্‌ঞা অঞ্‌ঞে পঞ্‌ঞাবন্তোতি ।

শব্দার্থ ও টীকা : **আহ** — বলিল। (বৈদিক আহ√ব্রূ—to speak), he began to speak. **কেন কারণেন** — কি কারণে। হেত্বর্থে তৃতীয়া। **সমকা**—সমান। **অঞ্‌ঞে** — অন্যে, কেহ কেহ। **অপ্পায়ুকা** — অল্প আয়ু সম্পন্ন, 'short lived' (কর্তৃ, বহুবচন)। **দীঘায়ুকা** — দীর্ঘায়ু, 'long lived'। **বব্‌হালাভা**= (বহু+আলাভা) – বিত্তশালী, প্রচুর লাভী, ভাগ্যবান্‌। **অপ্পাবাধা** — অল্প-ব্যাধি। **দুব্বণ্ণা** — বর্ণহীন, 'dark complexion. **বণ্ণবন্তো** — সুন্দর। **অপ্পেসকখা**—(সং অল্প+ঈশ+আখ্যা) অল্প সক্ষম, insignificant. **মহেসকখা** – মহা ক্ষমতাশালী, illustrious, প্রভাবশালী। **অপ্পভোগা**—দরিদ্র (অল্পভোগ যাদের), Poor. মহাভোগা rich. **নীচকুলীনা** — নীচকুলে জাত, 'born of a low family'. **মহাকুলীনা**—উচ্চসম্প্রদায়ে যাদের জন্ম, 'Come of a noble family'. **পঞ্‌ঞাবন্তো** — জ্ঞানী, meritorious, intelligent. **দুপ্পঞ্‌ঞা** – দুস্প্রজ্ঞ, ('dull headed'), অল্পবুদ্ধি সম্পন্ন।

---

১. V. Trenckner : *The Milinda Panho,* The Royal Asiatic Society, London, 1928, *Pp. 65—67.*

বঙ্গানুবাদ ঃ

রাজা বলিলেন, "ভন্তে কি কারণে মানুষেরা সকলে সমান নয়? কেহ অল্পায়ু, কেহ দীর্ঘায়ু, কেহ বহুলাভী, কেহ রুগ্ন, কেহ দুর্বল, কেহ সুন্দর, কেহ অল্প ক্ষমতাশালী, কেহ মহাক্ষমতাশালী, কেহ গরীব, কেহ ধনী, কেহ নীচকুলে জাত, কেহ উচ্চকুলে জাত, কেহ অল্পবুদ্ধি সম্পন্ন কেহ প্রজ্ঞাবান্।"

॥ ২ ॥

থের আহ ঃ "কিস্‌স পন মহারাজ—রুক্‌খা ন সব্বে সমকা? অঞ্‌ঞে অম্বিলা, অঞ্‌ঞে লবণা, অঞ্‌ঞে তিত্তকা, অঞ্‌ঞে কটুকা, অঞ্‌ঞে কসাবা, অঞ্‌ঞে মধুরাতি।"

শব্দার্থ ও টীকা ঃ **থেরো,** — (স্থবির:) — বয়স্ক ভিক্ষু। অশোকলিপি থৈর<'থইর'। **রুক্‌খা** = বৃক্ষ (সংস্কৃত বৃক্ষাঃ)। গাছগুলি। প্রাচীন বাংলা রুখা। **সমকা** — সমান। **অম্বিলা** — অম্ল, 'Sour'। অম্ল▷ অম্বল। অম্বিল c.w. বাংলা 'অম্বল'। **কিস্‌স**— কেন, why. c.w. প্রাচীন বাংলা কীস, আধুনিক বাংলা 'কিসে'। **লবণা** — লবণাক্ত। **তিত্তকা** — তিক্ত, bitter **কটুকা** — কটু, 'Pungent'. **কসাবা** (= **কষায়াঃ**) — কষায়।

বঙ্গানুবাদ ঃ

থের বলিলেন, "মহারাজ, সব গাছগুলি একরূপ হয় না কেন? কোনটা অম্ল, কোনটা লবণাক্ত, কোনটা তিক্ত, কোনটা কটু, কোনটা কষায়, কোনটা মধুর"?

॥ ৩ ॥

রাজা ঃ "মঞ্‌ঞামি ভন্তে বীজানং নানাকারণেনাতি।"

নাগসেন ঃ এবং এব খো মহারাজা কম্মানং নানাকারণেন মনুস্‌সা ন সব্বে সমকা ঃ অঞ্‌ঞে অপ্পায়ুকা অঞ্‌ঞে দীঘায়ুকা, অঞ্‌ঞে

বব্হাবাধা অঞ্ঞে অপ্পাবাধা, অঞ্ঞে দুব্বণ্ণা অঞ্ঞে বণ্ণবন্তো অঞ্ঞে অপ্পেসক্খা অঞ্ঞে মহেসকখা অঞ্ঞে অপ্পভোগা অঞ্ঞে মহাভোগা অঞ্ঞে নীচকুলীনা অঞ্ঞে মহাকুলীনা অঞ্ঞে দুপ্পঞ্ঞা অঞ্ঞে পঞ্ঞাবন্তো। ভাসিতং পি' এতং মহারাজ ভগবতা : কম্মস্সকা মাণবসত্তা কম্মদায়াদা কম্মযোনি কম্মবন্ধূ কম্মপটিসরণা। কম্মং সত্তে বিভজতি যদিদং হীণপ্পণীতায়া"তি।

শব্দার্থ ও টীকা : **মঞ্ঞামি** — মনে করি। **বীজানং নানাকারণেনাতি**— বীজের বিভিন্নতা হেতু। **ভন্তে <ভদন্ত** (।) **ভাসিতং** — বলা হইয়াছে। **ভগবতা** — ভগবান্ কর্তৃক। তৃতীয়ার একবচন। **কম্মস্সকা** (=কর্মস্বকা:) Bound by one's own action. **কম্মদায়াদা** — কর্মের দায়াদ, Successors to Karma. **কম্মযোনি** — কর্মযোগী, 'Originating from Karma. **কম্মবন্ধু** — কর্মই বন্ধু Bound by Karma. **কম্মপটিসরণা** — কর্মই প্রতিস্মরণ — having refuge in Karma. **সত্তে** — প্রাণীদিগকে, **মানব :** সত্তা (=মানব সত্ত্বা)-human beings. **বিভজতি** — বিভাগকরে, directs. **হীনপ্পণীত** — উচ্চনীচ, (তৃতীয়ার একবচন, স্ত্রী লিং) by the state of inferiority or excellence.

বঙ্গানুবাদ :

রাজা বলিলেন : "ভন্তে, আমি মনে করি বীজের বিভিন্নতা হেতু।" নাগসেন : "এই কারণেইহে মহারাজ, কর্মের বিভিন্নতা হেতু মানুষেরা সবাই সমান নয়। কেহ অল্পায়ু, কেহ দীর্ঘায়ু, কেহ বেশী রুগ্ন, কেহ অল্প রুগ্ন, কেহ দূর্বর্ণ, কেহ সুন্দর, কেহ অল্পসক্ষম, কেহ ক্ষমতাশালী, কেহ মহাভোগী, কেহ অল্পভোগী, কাহারও জন্ম নীচকুলে, কাহারও উচ্চ বংশে। কেহ দুষ্প্রজ্ঞ, কেহ প্রজ্ঞাবান্। ভগবান্ কর্তৃক ও হে মহারাজ, এইরূপ বলা হইয়াছে : "কর্মই মানুষের আপন, মানুষ কর্মের অধিকারী, কর্মযোনি, কর্মবন্ধু, কর্মই মানুষের প্রতিস্মরণ। কর্মই প্রাণীগণকে বিভাগকরে যেমন : হীন প্রণীত।" অর্থাৎ ভালমন্দ বা উচ্চনীচ।

॥ ৪ ॥

রাজা আহ : "কল্লো সি ভন্তে নাগসেনাতি। ভন্তে নাগসেন তুম্হে ভণথ : কিন্ তি ইমং দুক্খং নিরুজ্ঝেয্য অঞ্ঞং চ দুক্খং ন উপ্পজ্জেয্যাতি।"

নাগসেন : "এতদত্থা মহারাজ অম্হাকং পব্বজ্জাতি।"

রাজা : "কিং পটিগচ্চেব বায়মিতেন, নন্নু সম্পত্তে কালে বায়মিতব্বং তি।"

নাগসেন : "সম্পত্তে কালে মহারাজ বায়ামো অকিচ্চকরো ভবতি, পটিগচ্চে'ব বায়ামো কিচ্চকরো ভবতি।"

রাজা : "ওপম্মং করোহীতি।"

শব্দার্থ ও টীকা : **কল্লোসি** — সুদক্ষ, Clever, expert, wise. **ভণথ** — বলিয়াছেন। [(√ভণ — to speak, to tell.) মধ্যম পুরুষ বহুবচন, বর্তমান ভণতি] **নিরুজ্ঝেয্য** — নিরুদ্ধ হয়, সপ্তমী, একবচন, প্রথম পুরুষ। **উপ্পজ্জেয্য** — উৎপন্ন হয়, may arise. **এতদত্থা** — ইহার জন্য। **অম্হাকং পব্বজ্জা** — আমাদের প্রব্রজ্যা। **পটিগচ্চ** (= প্রতিকৃত্য, gerund), পূর্ব হইতে, সময় থাকিতে, 'anticipating in advance', Note the voicing of 'k'. **বায়মিতেন** — (তয়ার একবচন, ব্যায়মিতেন), উদ্যম, চেষ্টা, effort, exertion. **সম্পত্তে কালে** — ঠিক সময়ে, শেষ সময়ে, (at the actual time of happening). **বায়মিতব্বং** — উদ্যম করা উচিত। **কিচ্চকরো** — কৃত্যকর, ফলপ্রসূ, effective. **অকিচ্চকরো** — ineffective. **ওপম্মং** — উপমা, Analogy (aupamyaing). **করোহি** — কর, পঞ্চমীর একবচন,

বঙ্গানুবাদ :

রাজা বলিলেন, "সুদক্ষ, ভন্তে নাগসেন। ভন্তে নাগসেন, আপনি বলিয়াছেন ; কি করিয়া এই দুঃখ নিরুদ্ধ হইবে, অপর দুঃখ উৎপন্ন হইবে না।"

নাগাসন : "এই জন্যই হে মহারাজ, আমাদের প্রব্রজ্যা।"

রাজা : "পূর্বকৃত উদ্যম কার্যকরী অথবা সম্প্রাপ্তকালে কার্যকরী।"

নাগসেন : "সম্প্রাপ্তকালের উদ্যম কার্যকরী হয় না, পূর্বকৃত উদ্যমই কার্যকরী হয়।"

রাজা : "উপমা দিন।"

॥ ৫ ॥

নাগসেন : "ত্বং কিং মঞ্‌ঞসি মহারাজ : যদা ত্বং পিপাসিতো ভবেয্যাসি তদা ত্বং উদপানং খণাপেয্যাসি তলাকং খণাপেয্যাসি : পানীয়ং পিবিস্‌সামীতি।"

রাজা : "নহি ভন্তেতি।"

নাগসেন : "এবমেব খো মহারাজ সম্পত্তে কালে বায়ামো অকিচ্চকরো ভবতি পটিগচ্চ'ব বায়ামো কিচ্চকরো ভবতি।"

রাজা : "ভিয্যো ওপম্মং করোহীতি।"

নাগসেন : "তং কিং মঞ্‌ঞসি মহারাজ : যদা ত্বং বুভুক্‌খিতো ভবেয়্যাসি তদা খেত্তং কসায়েয্যাসি সালিং রোপাপেয্যাসি ধঞ্‌ঞং অতিহরাপেয়্যাসি : ভত্তং ভুঞ্জিস্‌সামীতি।"

শব্দার্থ ও টীকা : **যদা** — যখন। **ত্বং** — তুমি। **পিপাসিতো** — তৃষ্ণার্ত। **ভবেয্যাসি** — হও। মধ্যম পুরুষ, একবচন, সপ্তমী। (√ভূ—to be)। **উদপানং** — tank, পুষ্করিণী। **খণাপেয্যাসি** — খনন করান। ণিজন্ত, ৭মীর একবচন, মধ্যম পুরুষ। **তলাকং** — দীঘি। **পিবিস্‌সামীতি** — পান করিব। উত্তম পুরুষ, একবচন, ভবিস্‌সন্তী। **কিচ্চকরো** — কৃত্যকর, effective. **ভিয্যো** — অধিক, again, পুনরায়। **করোহি** — করুন। পঞ্চমী মধ্যম পুরুষ, একবচন (√কৃ—to do). **বুভুক্‌খিতো** — ক্ষুধার্ত। **কসাপেয়্যাসি** — কর্ষণ করান, 'would cause to plough'. (সপ্তমী, মধ্যম পুরুষ, একবচন (√কৃষ্—ণিজন্ত)। **সালিং** — ধান্য। **রোপাপেয়্যাসি** — রোপণ করান, 'cause to plant'. **ধঞ্‌ঞং** — ধান্য। **অতিহরাপেয়্যাসি** — সংগ্রহ করান, 'may cause to collect'. [৭মী, মধ্যম পুরুষ, একবচন (অতি — √হৃ— causative)]. **ভত্তং** — ভাত। **ভুঞ্জিস্‌সামীতি** — ভোজন করিব। ভবিস্‌সন্তী, উত্তম পুরুষ একবচন।

বঙ্গানুবাদ :

নাগসেন : "হে মহারাজ, আপনি কি মনে করেন যখন পিপাসিত হন তখন জল পান করিবার জন্য পুষ্করিণী বা সরোবর খনন করান ?"

রাজা : "না ভন্তে।"

নাগসেন : "এই রকমই হে মহারাজ, সম্প্রাপ্তকালের উদ্যম অকিঞ্চিৎকর; পূর্বকৃত্য উদ্যমই কার্যকরী।"

রাজা : "আরও একটি উদাহরণ দিন।"

নাগসেন : "আপনি কি মনে করেন মহারাজ, যখন আপনি ক্ষুধার্ত হন তখন অন্ন গ্রহণ করিবার জন্য ক্ষেত্র কর্ষণ করান, ধান্য বপন বা সংগ্রহ করান ?"

॥ ৬ ॥

রাজা : "নহি ভন্তেতি।"

নাগসেন : "এবমেব খো মহারাজ সম্পত্তে কালে বায়ামো অকিচ্চকরো ভবতি পটিগচ্চে'ব বায়ামো কিচ্চকরো ভবতী"তি।

রাজা : "ভিয্যো ওপম্মং করোহীতি।"

নাগসেন : "তং কিং মঞ্ঞসি মহারাজ : যদা তে সঙ্গামো পচ্চুপট্ঠিতো ভবেয়্য তদা ত্বং পরিখং খণাপেয়্যাসি পাকারং কারাপেয়্যাসি গোপুরং কারাপেয্যাসি অট্ঠালকং কারাপেয্যাসি ধঞ্ঞং অতিহরাপেয্যাসি তদা ত্বং হত্থিস্মিং সিক্খেয্যাসি অস্‌সস্মিং সিক্খেয্যাসি রথস্মিং সিক্খেয্যাসি ধনুস্মিং সিক্খেয্যাসি তরুস্মিং সিক্খেয্যাসী"তি।

শব্দার্থ ও টীকা। **পটিগচ্চে'ব** — পূর্বকৃত সময় থাকিতে, পূর্ব হইতে। **সঙ্গামো** — যুদ্ধ। **পচ্চুপট্ঠিতো** — উপস্থিত। **ভবেয্য** — হয়। সপ্তমী প্রথম পুরুষের একবচন। বহুবচনে ভবেয্যুং। **পরিখং** — পরিখা, moad. **অট্ঠালকং**— অট্টালিকা, 'building with balcony or lattiac.' **ধঞ্ঞং** — ধান্য।

সিকখেয্যাসি — হস্তিগুলিকে শিক্ষা দেওয়ান অর্থাৎ would (you) train (men ridding on) the elephant.' **অস্সস্মিং** — অশ্বদিগকে। **থরুস্মিং** — swordman, সপ্তমী বিভক্তির একবচন। **ধনুস্মিং** — তিরন্দাজদের। **অতিহরাপেয্যাসি** — সংগ্রহ করান। সপ্তমী মধ্যম পুরুষ, একবচন।

বঙ্গানুবাদ ঃ

রাজা ঃ "না ভন্তে।"

নাগসেন ঃ "এই রকমই মহারাজ সম্প্রাপ্তকালের প্রচেষ্টা ফলপ্রসূ হয় না। পূর্বকৃত্য প্রচেষ্টাই কার্যকরী।"

রাজা ঃ "অন্য একটি উদাহরণ দিন"

নাগসেন ঃ "মহারাজ, আপনি কি মনে করেন ঃ যখন যুদ্ধ একান্তই সমাগত প্রায় তখন কি আপনি পরিখা খনন করান, গোপুর নির্মাণ (গরদ্বার) করান, অট্টালিকা (watch-tower) প্রস্তুত করান, ধান্য সংগ্রহ করান? তখন আপনি কি হস্তী, অশ্ব, রথ, ধনুর্ধারী ও তরবারি-ধারীদের শিক্ষার ব্যবস্থা করান?"

॥ ৭ ॥

রাজা ঃ "নহি ভন্তেতি।"

নাগসেন ঃ "এবমেব খো মহারাজ সম্পত্তে কালে বায়ামো অকিচ্চকরো ভবতি পটিগচ্চেব বায়ামো কিচ্চকরো ভবতি। ভাসিতং পি এতং ভগবতা ঃ

পটিগচ্চে'ব তং কয়িরা যং জঞ্ঞা হিতং অত্তনো,
ন সাকটিকচিন্তায় মন্তাধীরো পরক্কমে।
যথা সাকটিকো নাম সমং হিত্বা মহাপথং,
বিসমং মগগং আরুয্হ অক্খচ্ছিন্নো ব ঝায়তি।
এবং ধম্মা অপক্কম্ম অধম্মং অনুবত্তিয়া
মন্দো মচ্চুমুখং পত্তো অকখাচ্ছিন্নো ব সোচতী" তি

রাজা ঃ "কল্লো সি ভন্তে নাগসেনা" তি।

২২—

শব্দার্থ ও টীকা ঃ ভগবতা—ভগবান্ কর্তৃক। তৃতীয়ার একবচন। **কযিরা**—কর, (3rd person sing.) it is always explained by 'kareyya'. **যং**—যাহা, জঞ্ঞা (= জ = জানীয়াৎ)' জানা উচিত', 'One should know'. **সাকটিকচিন্তায়**—'শকটচালকের চিন্তার দ্বারা', 'by the thought of the wagon driver'. (তৃতীয়ার একবচন)। **মন্তাধীরো**—চিন্তাশীল জ্ঞানী, 'a wise man **পরক্কমে**—পরাক্রম করে, 'should act', সপ্তমী, প্রথম পুরুষ, এক বচন। আত্মনেপদ। **হিত্বা**—ত্যাগ করিয়া। **সমং**—সমান, even. **বিসমং**—অসমান uneven. **মগ্গং**—পথ, মার্গ। **আরুয্হ**—আরোহণ করিয়া (আরুহ্য) **অক্খচ্ছিন্নো**—অক্ষচ্ছিন্ন, 'the axle of whose (wagon) is broken.' **অপক্কম্ম**—ত্যাগ করিয়া, [অপ + √ক্রম্ — to go away, depart, go to one side, 3rd person sing. present tense 'অপকৃকমতি' (সং—অপক্রমতি) gerund. **ঝায়তি**—(ধ্যায়তি)—পুনঃ পুনঃ চিন্তা করে, 'thinks on and on.' প্রথম পুরুষ একবচন, বর্তমান কাল। **অনুবত্তিয়া**—অনুস্মরণ করিয়া 'having followed,' gerund. **সোচতি**—অনুশোচনা করে। **অক্খচ্ছিন্নোব**—ভগ্ন চাকার মত অর্থাৎ অর্দ্ধপথে গাড়ীর চাকা ছিন্ন হইলে যে অবস্থা হয় সে অবস্থা।

বঙ্গানুবাদ ঃ

রাজা ঃ "না ভন্তে।"

নাগসেন ঃ "মহারাজ, এই রকমই সম্প্রাপ্তকালের উদ্যম অকিঞ্চিৎ কর, পূর্বকৃত উদ্যমই ফলপ্রসূ হয়।" ভগবান কর্তৃকও এরকম উক্ত হইয়াছে যাহা নিজের পক্ষে হিতকর তাহা জানিয়া পূর্ব হইতেই উদ্যম করা উচিত। জ্ঞানী ও চিন্তাশীল ব্যাক্তিরা কখনও শকটচালকের ন্যায় চিন্তা করিয়া উদ্যম করেন না।

যেরূপ শকটচালক সমান মহাপথ অতিক্রম করতঃ অসমান পথে আরোহণ করিয়া অক্ষচ্ছিন্ন হয় তদ্রূপ যে ধর্মপথ ত্যাগ করিয়া অধর্মের অনুসরণ করে সেও মৃত্যুমুখে পতিত হইয়া অক্ষচ্ছিন্ন শকট-চালকের মত অনুশোচনা করে।"

রাজা ঃ "সুদক্ষ ভন্তে নাগসেন।"